বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
BANGLADESH WATER DEVELOPMENT BOARD

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
পানি ভবন , ব্লক - জি , লেভেল-৬
৭২ গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোনঃ ০২২২২২৩০০১৫, ইন্টারকমঃ ৩০০১৫
ই-মেইলঃ dir.cpc@bwdb.gov.bd

www.bwdb.gov.bd

Office of the Superintending Engineer
Contract and Procurement Cell
PANI Bhaban,Block-G, Lavel-6
72 Green Road, Dhaka-1205
Phone:02222230015, Intercom: 30015
email: se.cpc.bwdb@gmail.com


স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৭-৭৯ তারিখঃ ১৭ -০৪-২০২৩ খ্রিঃ

## সার্কুলার

এতদ্বারা বাপাউবোর সকল ক্রয়কারী কর্তৃক প্রতি অর্থ বছরের শুরুতে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রস্তুত অনুমোদন ও বাপাউবো'র ওয়েব সাইটে (www.bwdb.gov.bd) প্রকাশের নির্দেশনা রয়েছে। **বাপাউবো'র নৈতিকতা কমিটির ৩৩তম সভা এবং ২০২২-২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় কোয়ার্টার সভার সিদ্ধান্ত অনুযায়ী** বাপাউবো'র সকল ক্রয়কারী ( ঢাকাস্থ ও মাঠ পর্যায়সহ) প্রতি অর্থ বছরে আব্যশিকভাবে জুলাই ২০ তারিখের মধ্যে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন পূর্বক স্ব স্ব দপ্তর কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তরের মাধ্যমে বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন এবং একটি অনুলিপি কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার দপ্তরে অথবা ই-মেইলে (se.cpc.bwdb@gmail.com) প্রেরণ করবেন।

বিষয়টি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় লক্ষ্যমাত্রা অর্জনে বোর্ডের তথা মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বিধায় জরুরী হিসেবে বিবেচ্য।

১৭/০৪/২০২৩

(মোঃ আবু বক্কর সিদ্দিক)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
বাপাউবো, ঢাকা
আইডি নং-৭৯১০১২০০২

স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৭-৭৯ তারিখঃ ১৭-০৪-২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ-

১. অতিরিক্ত মহাপরিচালক, পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা/প্রশাসন/অর্থ, বাপাউবো, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী (সকল)------------------ বাপাউবো।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক (সকল)------------------বাপাউবো।
৪. সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫. পরিচালক (বোর্ড ), বোর্ড সচিবালয়, বাপাউবো।
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর,বাপাউবো,ঢাকা, বিজ্ঞপ্তিটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭. নির্বাহী প্রকৌশলী (সকল)-----------------------বাপাউবো, ঢাকা।

১৭/০৪/২০২৩

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
বাপাউবো, ঢাকা

ডায়েরী নং ৪৮০
মেকানিক ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী
১৭/০৪/২০২৩
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা

তারিখঃ ১৭/৪/২৩
জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
নথিতে রাখুন
তাগিদ পত্র দিন

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
**Bangladesh Water Development Board**

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
পানি ভবন, ব্লক-জি, লেভেল-৬
৭২ গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোনঃ ০২-২২২২ ৩০০১৫ ইন্টারকমঃ ৩০০১৫
ই-মেইল: dircpc@bwdb.gov.bd

**Office of the Superintending Engineer**
**Contract and Procurement Cell**
Pani Bhaban, Block-G, Level-6
72 Green Road, Dhaka-1205
Phone:02-2222 30015 Intercom: 30015
e-Mail: director_cpc@yahoo.com

Website: www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৯-৩৪৭ তারিখঃ ২০/১১/২০২২খ্রিঃ

## সার্কুলার

পিপিআর অনুযায়ী প্রত্যেক অর্থ-বছরের শুরুতে ক্রয়কারী কর্তৃক উন্নয়ন প্রকল্প বা কর্মসূচীর জন্য অনুমোদিত সামগ্রিক ক্রয় পরিকল্পনা ও হালনাগাদকৃত বার্ষিক ক্রয় পরিকল্পনা, এবং রাজস্ব বাজেটের জন্য অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা, উহার নোটিশ বোর্ডে ও প্রযোজ্য ক্ষেত্রে, উহার ওয়েবসাইটে এবং সংশ্লিষ্ট অধিদপ্তর বা পরিদপ্তর বা সংস্থার ওয়েবসাইটে, বুলেটিন বা রিপোর্টে প্রকাশের বিধান রয়েছে। বাপাউবোর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ফিডব্যাক সভার সিদ্ধান্তের আলোকে চলতি ২০২২-২৩ অর্থ-বছরে কোয়ার্টার ভিত্তিক পণ্য/কার্য/সেবা ক্রয়ের ক্রয় পরিকল্পনা ৩০/১১/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে এবং ২০২৩-২৪ অর্থ-বছর থেকে অর্থ-বছরের শুরুতে স্ব-স্ব ক্রয়কারী দপ্তর কর্তৃক বাপাউবোর ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সফটকপি অনুলিপি কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার দপ্তরে (se.cpc.bwdb@gmail.com) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

২। বিষয়টি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় লক্ষ্যমাত্রা অর্জনে বোর্ডের তথা মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বিধায় জরুরী হিসেবে বিবেচ্য।

৩। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এই সার্কুলার জারী করা হলো।

20/11/2022
(মোঃ আবু বক্কর সিদ্দিক)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
বাপাউবো, ঢাকা
পরিচিতি নাম্বারঃ ৭৯১০১২০০২।

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৯-৩৪৭ তারিখঃ ২০/১১/২০২২খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. অতিরিক্ত মহাপরিচালক, পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা/প্রশাসন/অর্থ, বাপাউবো, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল) ......................, বাপাউবো।
৩. সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৪. সচিব, বাপাউবো বোর্ড সচিবালয়, বাপাউবো, পানি ভবন, ঢাকা।
৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক (সকল)-------------------বাপাউবো।
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর,বাপাউবো,ঢাকা। বিজ্ঞপ্তিটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭. নির্বাহী প্রকৌশলী (সকল)-----------------------বাপাউবো।
৮. দপ্তর কপি।

20.11.22
(মোঃ হালিম সালেহী)
নির্বাহী প্রকৌশলী (পুর)
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
বাপাউবো, ঢাকা
পরিচিতি নাম্বারঃ ৮৭০১০১০০১।

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## BANGLADESH WATER DEVELOPMENT BOARD

বোর্ড সচিবালয়
পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২০৫
ফোন:+৮৮ ০২ ২২২২৩০০৫৩
ই-মেইল: bwdbsecretary@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Board Secretariat
PaniBhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205
Phone: +88 02 222230053
E-mail: bwdbsecretary@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.০৫.০১১.২২-১৬৬

তারিখ: ২৮ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ
১১ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নৈতিকতা কমিটির ৩৩তম সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তার দপ্তরের সাথে সংশ্লিষ্ট বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নৈতিকতা কমিটির ৩৩তম সভার সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী এতদ্সঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১১.০৪.২০২৩
মোঃ সিরাজুল ইসলাম
উপ-পরিচালক (বোর্ড)
বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।

১১৪ | ১৭/০৪/২৩

- নির্বাহী প্রকৌঃ ১/ ২
- প্রোগ্রামার
- উপ-বিভাগীয় প্রকৌঃ
- সহকারী প্রকৌঃ ১/ ২
- সহঃ পরিঃ (প্রশাঃ)/ সহঃ প্রোগ্রাঃ
- উচ্চমান সহকারী
- হিসাব করণিক
- অতীব জরুরী
- জরুরী
- প্রয়োজনীয় ব্যবস্থা নিন
- আলোচনা করুন
- নথিতে পেশ করুন
- নথিতে সংরক্ষণ করুন

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল

পানি উন্নয়ন বোর্ডের (বাপাউবো) নৈতিকতা কমিটির ৩৩ তম সভা এবং ২০২২-২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ৩য় কোয়ার্টার সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জনাব মোঃ নূরুল ইসলাম সরকার, মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
স্থানঃ মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষ (লেভেল-৫)।

তারিখ: ০৯/০৩/২০২৩ খ্রিস্টাব্দ, রোজ বৃহস্পতিবার।

সময়ঃ সকাল ১০:০০ ঘটিকা।

উপস্থিতির তালিকা। পরিশিষ্ট 'ক'

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের (বাপাউবো) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২৩ এর ৩য় কোয়ার্টারের ৩৩ তম সভা নৈতিকতা কমিটির আহবায়ক এবং বোর্ড মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের সাথে বোর্ডের যে সকল দপ্তর সম্পৃক্ত সে সকল দপ্তরের দপ্তর প্রধান / প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভার সভাপতি বোর্ড মহাপরিচালক মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় সভার শুরুতে সোনার বাংলা গড়ার প্রত্যয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল অনুসরণে সরকার কর্তৃক যে কৌশলপত্র প্রণয়ণ করা হয়েছে তা চর্চা এবং বাস্তবায়ন করার গুরুত্ব তুলে ধরেন। কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চার মাধ্যমে ন্যায়ভিত্তিক সমাজ বিনির্মানের প্রত্যয় ঘোষণা করা হয়েছে। তিনি আরো উল্লেখ করেন যে, শুদ্ধাচার চর্চা ব্যতীত সংগঠনের অভীষ্ট লক্ষ্য অর্জন করা সম্ভবপর নয়। অতঃপর সভাপতি মহোদয় সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনের জন্য নৈতিকতা কমিটির সদস্য-সচিব ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ফোকাল পয়েন্ট বোর্ড সচিব মহোদয়কে নির্দেশ প্রদান করেন।

বাপাউবোর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা বোর্ড সচিব পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে জাতীয় শুদ্ধাচার কৌশলের (National Integrity Strategy of Bangladesh) পটভূমি তুলে ধরেন। তিনি তাঁর উপস্থাপনায় উল্লেখ করেন বাংলাদেশ একটি উদীয়মান, প্রগতিশীল, গণতান্ত্রিক, উন্নয়নশীল রাষ্ট্র। 'রূপকল্প ২০২১' এ উল্লেখ করা হয়েছে যে, আগামী এক দশকে দেশটিতে ক্ষুধা, বেকারত্ব, অশিক্ষা, বঞ্চনা ও দারিদ্র্য থাকবে না; দেশে বিরাজ করবে শান্তি, সুখ, সৌন্দর্য ও সমৃদ্ধি। সংবিধান অনুযায়ী সকল নাগরিকের জন্য আইনের শাসন, মৌলিক মানবাধিকার এবং রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক সাম্য, স্বাধীনতা ও সুবিচার নিশ্চিত হবে। এই লক্ষ্যকে সামনে রেখেই একটি কৌশল-দলিল হিসেবে 'সোনার বাংলা গড়ার প্রত্যয়': জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়েছে। শুদ্ধাচার পটভূমি উপস্থাপন শেষে বাপাউবোর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ফোকাল পয়েন্ট কর্মকর্তা বোর্ড সচিব সভার সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতি মহোদয় জাতীয় শুদ্ধাচার কর্ম-কৌশল পরিকল্পনা ২০২২-২৩ এর বাস্তবায়ন উপস্থাপনের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে নির্দেশ প্রদান করেন।

সভার এ পর্যায়ে সচিব ও শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন যে, ২০২২-২৩ অর্থ বছরে প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার মোট ০৩ (তিন) টি কার্যক্রমের আওতায় মোট ১৫ (পনের) টি উপ-কার্যক্রম সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ হতে নির্ধারণ করে দেওয়া হয়। এ কার্যক্রমগুলোর মধ্যে কিছু কিছু কার্যক্রম ছাড়া অধিকাংশ কার্যক্রমই সুষ্ঠুভাবে বাস্তবায়ন হচ্ছে।

পরের পাতা-২

বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচনার বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী দপ্তর |
|---|---|---|
| নৈতিকতা কমিটির সভা আয়োজন | পরবর্তী সভাগুলো কোয়ার্টারের প্রথমেই সম্পন্ন করতে হবে | বোর্ড সচিবালয় |
| নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে | বোর্ড সচিবালয় |
| সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | চলমান কোয়ার্টারে আয়োজন করতে হবে | বোর্ড সচিবালয় |
| শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | পুনঃনির্ধারিত প্রশিক্ষণার্থীর সংখ্যা মোতাবেক প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে | প্রশিক্ষণ পরিদপ্তর |
| কর্ম-পরিবেশ উন্নয়ন | টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াসরুমের ব্যবস্থা করতে হবে | (ক) সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর (খ) ঢাকা পওর বিভাগ-২ |
| আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | যথাযথভাবে পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান সভা আয়োজন করতে হবে | বোর্ড সচিবালয় |
| ২০২২-২৩ অর্থ বছরের ক্রয়- পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | বোর্ডের কেন্দ্রীয় পর্যায়ের সকল দপ্তর প্রকিউরমেন্ট প্ল্যান পিপিআর অনুযায়ী প্রস্তুত করবে। প্রস্তুতকৃত ক্রয়-পরিকল্পনা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রস্তুতকৃত ক্রয়-পরিকল্পনার একটি কপি কন্টাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেলে প্রেরণ করবে | স্ব স্ব দপ্তর এবং কন্টাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল |
| অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন | বোর্ডের কেন্দ্রীয় পর্যায়ের সকল দপ্তর প্রকিউরমেন্ট প্ল্যান বাস্তবায়ন করবে | স্ব স্ব দপ্তর |
| বাজেট বাস্তবায়ন | বাজেট বাস্তবায়নের তথ্য যথাসময়ে সকল দপ্তর বোর্ড সচিবালয়ে প্রেরণ করবে | পওর পরিদপ্তর, অর্থ পরিদপ্তর এবং প্রসেসিং পরিদপ্তর |
| প্রকল্পের PIC সভা আয়োজন | চলমান ত্রৈমাসিকের জন্য নির্ধারিত সভা ত্রৈমাসিকের মধ্যে আয়োজন করতে হবে | প্রধান প্রকৌশলী, পরিকল্পনা এর দপ্তর |
| প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর করা | বিধি মোতাবেক নিশ্চিত করতে হবে | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক এবং সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর |
| সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | বিধি মোতাবেক নিশ্চিত করতে হবে | সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর |
| উন্নয়ন কাজে ঠিকাদারদের বিল প্রদানের পূর্বে সম্পাদিত কাজের পরিমাণ যাচাইয়ের লক্ষ্যে দৈবচয়নের মাধ্যমে টাস্কফোর্স দ্বারা Prework ও Postwork জরিপ সম্পাদন | Topographic সার্ভে এবং Bathymetric সার্ভের লক্ষ্যমাত্রা পরিবর্তন করা যাবে না | প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর |
| গণশুনানী | চলমান কোয়ার্টারে আয়োজন করতে হবে | বোর্ড সচিবালয় |

পরের পাতা-৩

উপর্যুক্ত সিদ্ধান্ত ব্যতীত সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

১। যে সমস্ত দপ্তরে অকেজো মালামাল রক্ষিত আছে তা বিনষ্ট করার জন্য সংশ্লিষ্ট দপ্তরে একটি কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটির মাধ্যমে অকেজো মালামালের তালিকা প্রস্তুত করতঃ বিনষ্ট করতে হবে এবং বোর্ড সচিবালয়কে অবহিত করতে হবে। এ বিষয়ে বোর্ড সচিবালয় কর্তৃক একটি দপ্তরাদেশ জারী করতে হবে।

২। মাঠ পর্যায়ের দপ্তরসমূহের জন্য যদি কোন নির্দেশনা থাকে তবে তা জরুরীভাবে মাঠপর্যায়ে জানাতে হবে।

৩। সমাপ্ত প্রকল্পের মালামাল (কম্পিউটার, আসবাবপত্র) বোর্ডের অন্যান্য দপ্তরের প্রয়োজনে ব্যবহারের জন্য সংশ্লিষ্ট পিডি বোর্ডের সম্পত্তি ও যানবাহন পরিদপ্তরের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করবে। এক্ষেত্রে মালামালসমূহের Inventory সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর সংরক্ষণ করবে।

৪। "বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সকল ক্রয়কারী (ঢাকাস্থ ও মাঠ পর্যায়সহ) কর্তৃক প্রতি অর্থ বছরের আবশ্যিকভাবে জুলাই ২০ তারিখের মধ্যে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়নপূর্বক বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।" তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর, সিপিসি এর স্মারক নং: ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৯-৩৪৭; তারিখঃ ২০/১১/২০২২ খ্রিঃ সার্কুলার অনুসরণ করা যেতে পারে। এক্ষেত্রে সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিপিসি এর সহায়তায় ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা করবেন।

৫। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সঠিকভাবে প্রণয়ন ও বাস্তবায়নের জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের রিসোর্স পারসন মনোনীত করতঃ প্রশিক্ষণের আয়োজন করতে হবে। এক্ষেত্রে জোনাল পর্যায়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের এবং বোর্ডের প্রধান কার্যালয়ের কর্মকর্তাদের প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন প্রদান করতে হবে। পরিচালক, অর্থ পরিদপ্তর প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় অর্থ ছাড়ের ব্যবস্থা করবেন।

৬। দুর্নীতি প্রতিরোধ করার ক্ষেত্রে বোর্ডের হাওড় অঞ্চলের উন্নয়ন কর্মকান্ডে অধিকতর স্বচ্ছতা নিশ্চিত করার জন্য একটি কমিটি গঠন করতে হবে। এক্ষেত্রে প্রধান প্রকৌশলী পওর-কে কমিটির আহবায়ক এবং চীফ, HRD, পরিচালক (বোর্ড), SE, ডিজাইন-২ কে কমিটির সদস্য এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট কে সদস্য সচিব করে একটি কমিটি গঠন করতে হবে।

৭। দুর্নীতি প্রতিরোধের নিমিত্ত পেনশন কেইসসমূহ যথাসময়ে নিষ্পত্তি, পিআরএল গমনকালীন ১৮ মাসের ছুটি নগদায়নের অর্থ পরিশোধের ব্যবস্থা গ্রহণ নিশ্চিতকরণের জন্য পরবর্তী ০৩ মাসে পিআরএল গমনকারী কর্মকর্তাগণের তালিকা ৩১ মার্চ, ৩০ জুন, ৩০ সেপ্টেম্বর এবং ৩১ ডিসেম্বর বোর্ডের কল্যাণ পরিদপ্তর বোর্ড সচিবালয়সহ সম্মিলিত দপ্তরসমূহকে অবগত করবেন।

৮। দুর্নীতি প্রতিরোধের জন্য ড্রেজারের জ্বালানী ক্ষেত্রে স্বচ্ছতা আনয়নের স্বার্থে জ্বালানী ব্যবস্থায় Automation আনয়নপূর্বক ক্রমিক (৭ এর অনুরূপ) ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সর্বশেষে অন্য কোন আলোচ্যসূচী না থাকায় মহাপরিচালক ও সভার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০৫/২০২৫

মোঃ নূরুল ইসলাম সরকার
মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড